



বিএনপির মুখে জুলাই সনদ, অন্তরে আওয়ামী লীগ: হাসনাত



হাসনাত আবদুল্লাহ। ছবি: সংগৃহীত

বিএনপি মুখে জুলাই সনদ বাস্তবায়নের কথা বললেও তাদের অন্তরে আওয়ামী লীগ বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ। তাঁর অভিযোগ, জুলাই সনদ বাস্তবায়নের প্রতিশ্রুতি দিলেও সরকার এর গুরুত্বপূর্ণ প্রস্তাবগুলো কার্যকর করছে না।

রোববার (১৮ অক্টোবর) ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আমার বাংলাদেশ পার্টি (এবি পার্টি) আয়োজিত জুলাই সনদের এক বছর উপলক্ষে মুক্ত আলোচনায় তিনি এসব কথা বলেন। হাসনাত অভিযোগ করেন, জুলাই সনদের ৬২ নম্বর প্রস্তাবে তথ্য অধিকার আইন সংশোধনের কথা থাকলেও বিএনপি সরকার ক্ষমতায় এসে এ-সংক্রান্ত অধ্যাদেশ বাতিল করেছে। সরকারি কেনাকাটায় অনিয়ম ও দুর্নীতি প্রকাশ এবং নিরীক্ষা নিশ্চিত করার উদ্দেশ্যে অন্তর্বর্তী সরকার ৯ ফেব্রুয়ারি ২০২৬ তথ্য অধিকার আদেশ জারি করেছিল বলে উল্লেখ করেন তিনি।

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদের স্বজনদের বিরুদ্ধে ঘুষ-বাণিজ্যের অভিযোগ তুলে হাসনাত বলেন, সংকটের সময় বিএনপির নেতাদের খুঁজে পাওয়া যাবে না। তাঁর দাবি, ১২ ফেব্রুয়ারির নির্বাচনের ফলাফলের একাংশ মেনে নিলেও বিএনপি গণভোটের ফলাফল ও সংবিধান সংস্কার পরিষদের শপথ গ্রহণ করেনি। এতে জুলাই সনদ কার্যকারিতা হারিয়ে অলংকারে পরিণত হয়েছে।

তিনি আরও অভিযোগ করেন, গত সাত মাসে জুলাই সনদ অক্ষরে অক্ষরে বাস্তবায়নের কথা বলেও বিএনপি ১৭ বার জনগণের সঙ্গে প্রতারণা করেছে। রাজনীতিবিদদের সন্তানদের বিদেশে থাকা ও নিজেরা দেশে চিকিৎসা না নেওয়ার প্রসঙ্গ টেনে তাঁদের জনসেবার প্রতিশ্রুতি নিয়েও প্রশ্ন তোলেন তিনি।